গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০৬.২০১৭-১৩৪

তারিখ ঃ ২৩ চৈত্র, ১৪২৩ / ০৬ এপ্রিল, ২০১৭

প্রেরক ঃ সিরাজুছ ছালেকীন
সহকারী সচিব

প্রাপক ঃ সচিব
জাতীয় ক্রীড়া পরিষদ
ঢাকা

বিষয় ঃ বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশন ফর দি ফিজিক্যালি চ্যালেঞ্জড (বিসিএপিসি) কর্তৃক ১৬-২০ এপ্রিল, ২০১৭ তারিখে ঢাকায় আয়োজিতব্য ত্রি-দেশীয় (বাংলাদেশ, ভারত ও শ্রীলংকা) ফিজিক্যালি চ্যালেঞ্জড ক্রিকেট টুর্ণামেন্ট আয়োজনের সরকারি অনুমতি প্রদান প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশন ফর দি ফিজিক্যালি চ্যালেঞ্জড (বিসিএপিসি) কর্তৃক আগামী ১৬ থেকে ২০ এপ্রিল, ২০১৭ তারিখে ঢাকায় (ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল মাঠে) ত্রি-দেশীয় ফিজিক্যালি চ্যালেঞ্জড ক্রিকেট টুর্ণামেন্ট অনুষ্ঠিত হবে। বর্নিত টুর্ণামেন্টে ভারত, শ্রীলংকা ও স্বাগতিক বাংলাদেশ অংশগ্রহন করবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদেশী খেলোয়াড়দের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১৬-২০ এপ্রিল, ২০১৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ সফরের নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো ঃ

(ক) উক্ত টুর্ণামেন্টের যাবতীয় ব্যয়ভার বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশন ফর দি ফিজিক্যালি চ্যালেঞ্জড (বিসিএপিসি) নিজস্ব তহবিল এবং স্পন্সরশীপের মাধ্যমে নির্বাহ করবে।

(খ) বিদেশী খেলোয়াড়/কর্মকর্তাদের নামের তালিকা সফরের পূর্বেই মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা এবং অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (এসবি), রাজারবাগ, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার অনুগত,
//
(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫১০

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩১.০০৬.২০১৭-১৩৪

তারিখ ঃ ০৬-০৪-২০১৭খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা (নিরাপত্তামুলক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
০২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ ভবন, ঢাকা।
০৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, ঢাকা।
০৬। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (এসবি), রাজারবাগ, ঢাকা।
০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১২। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
১৩। প্রধান নিরাপত্তা কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৪। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশন ফর দি ফিজিক্যালি চ্যালেঞ্জড (বিসিএপিসি), কক্ষ-১২, সাহেরা ট্রপিক্যাল সেন্টার (১১তলা), ২১৮ এলিফ্যান্ট রোড (বাটা সিগন্যাল), ঢাকা-১২০৫।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব

BRSF-2016